# Times Today BD

নূর আলম | দেশজুড়ে | 18 June, 2025

নেত্রকোণার কলমাকান্দা উপজেলার কৈলাটি ইউনিয়নের পাইপুকুরিয়া গ্রামে খাদ্য অধিদপ্তরের সিলযুক্ত ২৮ বস্তা সরকারি চাল জব্দ করেছে পুলিশ।সরকারি চাল মজুদের বৈধ কোনো কাগজপত্র দেখাতে না পারায় পুলিশ চারজনকে আটক করেছে।

মঙ্গলবার (১৭ জুন) ভোরে গোপন সংবাদের ভিত্তিতে পাইপুকুরিয়া গ্রামের একটি বাড়িতে অভিযান চালিয়ে এসব চাল জব্দ করা হয়।জব্দকৃত প্রতিটি বস্তায় প্রায় ৩০ কেজি করে চাল রয়েছে।বস্তাগুলোতে সরকারি গুদামের সিল এবং “সরকারি কাজে ব্যবহারের জন্য” লেখা ছিল।

আটক ব্যক্তিরা হলেন—আতিকুর রহমান গাজী (৬০), মো. জামাল তালুকদার (৫৫), তপন চন্দ্র সাহা (৫৫) ও নির্মল আচার্য্য (২৭)।

এ ঘটনায় স্থানীয় ইউপি সদস্য মো. শামীম খাঁন বাদী হয়ে কলমাকান্দা থানায় বিশেষ ক্ষমতা আইনের ২৫(১)(খ) ধারায় একটি মামলা দায়ের করেছেন।

কলমাকান্দা থানার পরিদর্শক (তদন্ত) মোহাম্মদ লুৎফর রহমান জানান, আটককৃতদের গ্রেফতার দেখিয়ে মঙ্গলবার বিকেলে জেলা আদালতে পাঠানো হয়েছে।জব্দকৃত চাল থানা হেফাজতে রাখা হয়েছে।তদন্তের মাধ্যমে চালের উৎস ও পাচারের সঙ্গে জড়িত অন্যান্যদের শনাক্তে কাজ চলছে।

অভিযান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:48

URL: https://www.timestodaybd.com/across-the-country/3466775807